# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ২৩. অধ্যক্ষ-কন্যাকে জীবিত করার বর্ণনায় বৈপরীত্য

ইহুদিদের একজন অধ্যক্ষ বা নেতা (ruler)-এর কন্যাকে যীশু জীবিত করেন। এ ঘটনা বর্ণনায় মথির সাথে মার্কের বৈপরীত্য রয়েছে। মথি লেখেছেন: নেতাটা যীশুর কাছে এসে বলেন: ‘‘আমার কন্যাটি হয়তো এতক্ষণ মারা গেছে; কিন্তু আপনি এসে তার উপরে হাত রাখুন, তাতে সে বাঁচবে।...তখন ঈসা উঠে তাঁর সঙ্গে গমন করলেন, তাঁর সাহাবীরাও চললেন। ... পরে ঈসা সেই নেতার বাড়িতে এসে যখন দেখলেন যারা বাঁশী বাজায় তারা রয়েছে ও লোকেরা কোলাহল করছে, তখন বললেন, সরে যাও, কন্যাটি তো মারা যায় নি, ঘুমিয়ে রয়েছে। তখন তারা তাঁকে উপহাস করলো।’’ (মো.-১৩)

কিন্তু মার্ক লেখেছেন যে, লোকটা যীশুর কাছে এসে বলেন: ‘‘আমার মেয়েটি মারা যেতে বসেছে, আপনি এসে তার উপরে হাত রাখুন, যেন সে সুস্থ হয়ে বাঁচে।’’ যীশু তার সাথে তার বাড়ি যাচ্ছিলেন। পথিমধ্যে ‘‘নেতার বাড়ি থেকে লোক এসে বললো, আপনার কন্যার মৃত্যু হয়েছে, হুজুরকে আর কেন কষ্ট দিচ্ছেন?’’ (মো.-১৩) লূকের বর্ণনা মার্কের মতই। (মথি ৯/১৮-২৬; মার্ক ৫/২২-৪৩ ও লূক ৮/৪০-৫৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14019

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন